

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২৬, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা  
[ভ্যাট বিভাগ]

আদেশ

তারিখ : ০৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/১৯ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

সাধারণ আদেশ নং-১০/মূসক/২০১৮।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) 89.01 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত সমুদ্রগামী জাহাজ (ন্যূনতম ৫০০০ DWT এর উর্দে) আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলি :

- ক) বাংলাদেশের পতাকাবাহী জাহাজ হিসেবে রেজিস্ট্রেশন সম্পন্ন করিতে হইবে এবং ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশন এর যেই সকল আন্তর্জাতিক কনভেনশন বাংলাদেশ কর্তৃক স্বাক্ষরিত হইয়াছে, সেই সকল ক্ষেত্রে প্রযোজ্য আন্তর্জাতিক রীতি-নীতি মানিয়া চলিতে হইবে;
- খ) আমদানিকৃত জাহাজ ২২ বছরের অধিক পুরাতন হইতে পারিবে না এবং ন্যূনতম ৫ বছর বাংলাদেশের পতাকাবাহী সমুদ্রগামী জাহাজ হিসেবে পণ্য পরিবহনে ব্যবহার করিতে হইবে এবং উহার পূর্বে বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না। ব্যবসায়িক মন্দা বা এইরূপ উদ্ভূত

( ৭৬১১ )

মূল্য : টাকা ৪.০০

পরিস্থিতিতে ৫ বছরের পূর্বে বিক্রয় করিবার প্রয়োজনীয়তা দেখা দিলে কিংবা দৈব-দুর্বিপাক, দুর্ঘটনা বা অন্য যেকোন কারণে স্ফ্রাপ হিসেবে বিক্রয় করিবার প্রয়োজনীয়তা দেখা দিলে আমদানিকালে প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধ করিবেন মর্মে সংশ্লিষ্ট কমিশনার বরাবরে শুল্কায়নের সময় ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে জাতীয় রাজস্ব বোর্ডের পূর্বানুমোদন গ্রহণপূর্বক প্রযোজ্য শুল্ক-কর ও ভ্যাট পরিশোধ করিয়া বিক্রয় করা যাইবে;

- গ) আমদানিকৃত জাহাজের যাবতীয় আয় এবং জাহাজ পরিচালনা সংক্রান্ত যাবতীয় ব্যয় বাংলাদেশের কোনো তফসিলী ব্যাংকের সহিত রক্ষিত ফরেন কারেন্সি (এফসি) অ্যাকাউন্টের মাধ্যমে সম্পন্ন করিতে হইবে এবং প্রতি এক বছর অন্তর বৈদেশিক মুদ্রা অর্জনের স্বপক্ষে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ইস্যুকৃত Proceed Realization Certificate (PRC) প্রত্যয়নপত্র স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিতে হইবে;
- ঘ) অয়েল ট্যাংকার আমদানির ক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা হইতে সামুদ্রিক দূষণ রোধকল্পে International Convention for the Prevention of Pollution from Ships (MARPOL Convention) অনুযায়ী Double Hull/Double Bottom বিশিষ্ট জাহাজ আমদানি করিতে হইবে;
- ঙ) জাহাজে কর্মরত সকল পর্যায়ের জনবলের ন্যূনতম ৭০ শতাংশ বাংলাদেশি নাগরিক হইতে হইবে এবং নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশি নাগরিকগণকে প্রাধান্য দিতে হইবে;
- চ) দফা (ক) হইতে দফা (ঙ) এ উল্লিখিত শর্তাবলি প্রতিপালন করা হইবে মর্মে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ অব্যাহতির বিধান কার্যকর করিবার লক্ষ্যে আমদানিতব্য জাহাজের ধারণ ক্ষমতা (DWT ও LWT), তৈরির দেশ ও সন উল্লেখপূর্বক আমদানিকারক কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে।

২। এই আদেশের আওতায় জাহাজ আমদানির এক বছর অতিবাহিত হইবার পরবর্তী যেকোন সময়ে আদেশে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইতেছে কিনা তাহা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে এবং অনুসন্ধানের প্রেক্ষিতে দফা (ক) হইতে (ঙ) এ উল্লিখিত কোন শর্ত প্রতিপালিত হইতেছে না মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট আমদানিকারক হইতে আমদানিকালে আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর আদায়যোগ্য হইবে।

৩। বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর, যে কোন সময় উক্ত আদেশ পরিবর্তন কিংবা রহিত করিতে পারিবে।

৪। ইতোপূর্বে জারীকৃত আদেশ নং-০৩/মূসক/২০১৮, তারিখ : ১৪ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ এতদ্বারা রহিত করিল।

হাছান মুহম্মদ তারেক রিকাবদার

প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd